গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
ইনোভেশন টিম

২০২০-২০২১ অর্থবছরের ইনোভেশন টিমের ২য় সভা এবং উদ্ভাবকগণের সঙ্গে উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন সংক্রান্ত ১ম সভার কার্যবিবরণী

সভাপতি	সাইদুল হোসেন পরিচালক (ভূতত্ত্ব)
সভার তারিখ	৩১ আগস্ট, ২০২০ (১ম সভা) এবং ০২ সেপ্টেম্বর, ২০২০ (২য় সভা)
সভার সময়	পূর্বাহ্ণ ১১.০০ ঘটিকা (১ম সভা) এবং অপরাহ্ণ ২.০০ ঘটিকা (২য় সভা)
স্থান	জিএসবি'র চতুর্থ তলার সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট ক ও খ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব রাজিব কুমার সাহা, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) সভাপতির অনুমতিক্রমে সভার আলোচ্যসূচী অনুযায়ী উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি তুলে ধরেন।

০২। উদ্ভাবনী ধারণা/উদ্যোগ (ইনোভেটিভ আইডিয়া) প্রাপ্তির লক্ষ্যে ২৬ জুলাই, ২০২০ তারিখে জারীকৃত পরিপত্রের প্রেক্ষিতে অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারিগণ কর্তৃক ০৭ (সাত) টি ইনোভেটিভ আইডিয়া পাওয়া যায়। সভার প্রথম পর্যায়ে ইনোভেটিভ আইডিয়া প্রদানকারী টিম লিডারগণ স্বীয় উদ্ভাবনী উদ্যোগের পাওয়ার পয়েন্ট উপস্থাপনা করেন। জনাব সালমা বেগম, পরিচালক (ভূতত্ত্ব) 'ভূমিধ্বস আগাম সতর্কীকরণ বার্তা Mobile SMS এর মাধ্যমে সরাসরি জনগণের নিকট পৌছানো' শীর্ষক ইনোভেটিভ আইডিয়া উপস্থাপন করেন। সভায় আমন্ত্রিত অধিদপ্তরের পরিকল্পনা ও বাস্তবায়ন শাখার শাখা প্রধান জনাব মোহাম্মদ আব্দুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব) ভূমিধ্বসের তথ্য জনসাধরণের নিকট দ্রুত পৌছানোর জন্য 'সিস্টেম জেনারেটেড' Mobile SMS মোবাইল অপারেটরদের কাছে সরাসরি পৌছানোর বিষয়ে মতামত ব্যক্ত করেন। জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, পরিচালক (ভূতত্ত্ব) পাইলটিং এলাকার সকল মোবাইল অপারেটরদের সাথে MOU করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন এবং আইডিয়া বাস্তবায়নের জন্য স্থানীয় প্রশাসনের সঙ্গে যোগাযোগের পরামর্শ দেন। জনাব ফারুক হাছান, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) প্রস্তাবিত আইডিয়াটির নতুনত্ব কি সে সম্পর্কে জানতে চান। জনাব রাজিব কুমার সাহা, সহকারী পরিচালক আইডিয়াটি পাইলটিং ও বাস্তবায়নের এর ক্ষেত্রে কি কি বিষয় প্রতিপালন করতে হবে সেই সম্পর্কে আইডিয়া প্রদানকারী টিমকে অবহিত করেন। জনাব নাসিমা বেগম, পরিচালক (ভূতত্ত্ব) তাঁর শাখার কর্মকর্তা জনাব মুহাম্মদ মাছুম, উপ-পরিচালক (ভূতত্ত্ব) এর পক্ষে 'খনন প্রক্রিয়ায় সংগৃহীত নমুনা সংরক্ষণের আধুনিকায়ন' আইডিয়া উপস্থাপন করেন। জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, পরিচালক (ভূতত্ত্ব) প্রস্তাবিত আইডিয়াটিতে উল্লিখিত কোর বক্স একটি খনন কূপে কি পরিমান লাগবে তার বিস্তারিত (গভীরতাসহ) জানতে চান। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক গত ৯-১০ অক্টোবর, ২০১৯ সময়ে আয়োজিত সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধি শীর্ষক প্রশিক্ষণে অংশগ্রহণকারী হিসেবে জনাব নাসিমা বেগম, পরিচালক (ভূতত্ত্ব) এবং জনাব মোহাম্মদ আলমগীর কবির, উপ-পরিচালক কর্তৃক প্রস্তুতকৃত 'বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানকে লাইব্রেরী সেবা প্রদান' জনাব নাসিমা বেগম, পরিচালক (ভূতত্ত্ব) উপস্থাপন করেন। জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, পরিচালক (ভূতত্ত্ব) লাইব্রেরী সেবার পরিবর্তে জিএসবি'র সামগ্রিক সেবা (নমুনা বিশ্লেষণ, তথ্য প্রদান প্রভৃতি) সংযুক্ত করে আইডিয়াটি বাস্তবায়নের বিষয়ে গুরুত্ব আরোপ করেন। জনাব সৈয়দা জেসমিন হক, উপ-পরিচালক (ভূতত্ত্ব) 'সমন্বিত প্যালিনোলজি ও প্যালিওন্টোলজিক্যাল ডাটাবেজ অ্যাপ আকারে প্রস্তুত করে

তথ্য প্রদান সহজিকরণ' শীর্ষক ইনোভেটিভ আইডিয়া উপস্থাপন করেন। জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, পরিচালক (ভূতত্ত্ব) জিএসবি'র ইনোভেশন আইডিয়া হিসেবে ইতোপূর্বে প্রস্তুতকৃত মোবাইল অ্যাপ প্রস্তুতির বাস্তব অভিজ্ঞতা বর্ণনা করেন এবং আইডিয়াটির ডাটাবেজ ওয়েবসাইটে পিডিএফ কিংবা বই আকারে প্রকাশ করা যায় কিনা সেই সম্পর্কে আলোকপাত করেন। জনাব মোহাম্মদ মোস্তাফিজুর রহমান, লাইব্রেরিয়ান (চলতি দায়িত্ব) 'ই-লাইব্রেরি সেবা' শীর্ষক ইনোভেটিভ আইডিয়া উপস্থাপন করেন। সভায় আমন্ত্রিত আইসিটি ও ওয়েব টিমের সভাপতি জনাব মোঃ কামাল হোসেন, উপ-পরিচালক (ভূতত্ত্ব) জানান যে, প্রস্তাবিত আইডিয়ার মাধ্যমে ই-লাইব্রেরী ব্যবহারকারীর বই বা প্রতিবেদন অনলাইনে পড়া কিংবা ডাউনলোডের সুযোগ নাই। জনাব মোহাম্মদ মোস্তাফিজুর রহমান, লাইব্রেরিয়ান (চলতি দায়িত্ব) 'অনলাইন ম্যাপ ক্রয়/বিক্রয় সিস্টেম' শীর্ষক আরও একটি আইডিয়া প্রদান করেন। সভায় আইডিয়াটি ডিজিটাল সেবা (ই-সেবা) হিসেবে বাস্তবায়নের বিষয়ে অলোচিত হয়। অনলাইনে ম্যাপ ক্রয়/বিক্রয়ের জন্য মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে বিকাশ, নগদ, রকেট একাউন্ট খোলার বিষয়ে আলোচনা হয়। জনাব এ. জেড. এম. সালেহ আহমেদ, ফটোল্যাব সুপারিনটেনডেন্ট 'জিএসবি ব্লাড ক্লাব' আইডিয়া উপস্থাপন করেন। জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, পরিচালক (ভূতত্ত্ব) প্রস্তাবিত আইডিয়াটির ডাটাবেজ জিএসবি'র ওয়েবসাইটে এক্সএল ফরম্যাটে আপলোড করার বিষয়ে মতামত ব্যক্ত করেন। জনাব রাজিব কুমার সাহা, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) রক্তদানের লক্ষ্যে ডাটাবেজ তৈরীর জন্য নমুনা ফরম তৈরী, উদ্ভাবন প্রকল্প ছকে চাহিত দ্রব্যাদির (স্পেসিফিকেশন তৈরী ও সম্ভাব্য বাজেট) দ্রুততম সময়ের মধ্যে জমা দেয়ার বিষয়ে উল্লেখ করেন। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক গত ২৯-৩০ ডিসেম্বর, ২০১৯ সময়ে আয়োজিত দুই দিন ব্যাপী উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধি শীর্ষক প্রশিক্ষণে অংশগ্রহণকারী জনাব মোঃ রুবেল শেখ, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) এবং জনাব শেখ মুহাম্মদ মেসবাহ আর রহমান কৃর্তক প্রস্তুতকৃত 'জিএসবি'র ভূবৈজ্ঞানিক বহিরাঙ্গন কর্মসূচি অনুমোদন প্রক্রিয়া সহজিকরণ' শীর্ষক আইডিয়া প্রশাসনিক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করা আছে। আইডিয়া প্রদানকারী কর্মকর্তাগণকে টেলিফোন এবং সরাসরি আইডিয়া উপস্থাপন এবং ইনোভেশন টিমকে জমাদানের জন্য বলা হলেও তাঁরা সভায় উপস্থিত হন নাই এবং আইডিয়া ও জমা প্রদান করেন নাই। এ বিষয়ে পরিকল্পনা ও বাস্তবায়ন শাখার শাখা প্রধান জনাব মোহাম্মদ আব্দুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব) প্রস্তাব করেন যে, ইতোপূর্বে বিভিন্ন সময়ে ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তাবৃন্দের প্রশিক্ষণলব্ধ আইডিয়া জিএসবি'কে বাস্তবায়ন করতে হয়েছে এবং বাস্তবায়নের জন্য অনেক ক্ষেত্রে সমস্যার সম্মুখীন হতে হয়েছে সুতরাং ভবিষ্যতে যাদের প্রশিক্ষণের জন্য মনোনয়ন দেয়া হবে তাদেরকে ইনোভেশন টিম ব্রিফ করতে পারে এবং ইনোভেশন টিম আইডিয়া পাওয়ার জন্য কর্মশালা করা যেতে পারে। ইনোভেশন টিমের বিগত সভায় ২০২০-২০২১ অর্থবছরে উদ্ভাবনখাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের বিষয়ে স্পষ্টীকরণের জন্য অধিদপ্তরের উর্ধ্বতন হিসাব রক্ষণ কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছিল কিন্তু এতদসংক্রান্ত কোন তথ্য পাওয়া যায় নাই মর্মে সভায় আলোচনা হয়। উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন সংক্রান্ত এবং আনুষঙ্গিক কাজে সম্ভাব্য ব্যয়ের বিষয়ে আলোচনা করা হয়।

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	বিবরণ	সিদ্ধান্ত বাস্তবায়নকারী

৩.১	বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার অনুচ্ছেদ ৬ (৬.১) মোতাবেক ২০২০-২০২১ অর্থবছরে উদ্ভাবনী উদ্যোগ হিসেবে বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন টিম কর্তৃক প্রাথমিকভাবে দুইটি ইনোভেটিভ আইডিয়া নির্ধারণ করা হয়: ক) ‘ভূমিধ্বস আগাম সতর্কীকরণ বার্তা Mobile SMSএর মাধ্যমে সরাসরি জনগণের নিকট পৌছানো’ খ) ‘জিএসবি ব্লাড ক্লাব’ এবং গ) ‘সমন্বিত প্যালিনোলজি ও প্যালিওন্টোলজিক্যাল ডাটাবেজ অ্যাপ আকারে প্রস্তুত করে তথ্য প্রদান সহজিকরণ’ শীর্ষক ইনোভেটিভ আইডিয়াটি দুই অর্থবছরে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, পরিচালক (ভূতত্ত্ব) এবং জনাব রাজিব কুমার সাহা, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) ইনোভেটিভ আইডিয়া প্রদানকারী টিম লিডার (পাওয়ার পয়েন্ট উপস্থাপনার প্রস্তুতিসহ) মহাপরিচালক মহোদয়ের অবগতি ও চূড়ান্ত অনুমোদনের জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণ করবেন। মহাপরিচালক মহোদয় অনুমোদন প্রদান করলে আইডিয়া প্রদানকারী টিম আইডিয়া বাস্তবায়ন করবেন। ‘সমন্বিত প্যালিনোলজি ও প্যালিওন্টোলজিক্যাল ডাটাবেজ অ্যাপ আকারে প্রস্তুত করে তথ্য প্রদান সহজিকরণ’ শীর্ষক আইডিয়া প্রদানকারী টিম ২০২০-২০২১ অর্থবছরে ডাটাবেজ প্রস্তুতসহ চাহিত অ্যাপের টেকনিক্যাল স্পেসিফিকেশন তৈরী এবং মোবাইল অ্যাপের প্রাথমিক ইন্টারফেস প্রস্তুত করে ইনোভেশন টিমকে সরবরাহ করবেন। ২০২১-২০২২ অর্থবছরের মধ্যে অ্যাপ তৈরীর পূর্নাঙ্গ কাজ বাস্তবায়ন করবেন।
৩.২	বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার অনুচ্ছেদ ১২ (১২.১) মোতাবেক ২০২০-২০২১ অর্থবছরে নূন্যতম একটি সেবা পদ্ধতি সহজিকরণের লক্ষ্যে ইনোভেশন টিম কর্তৃক প্রাথমিক ভাবে একটি ইনোভেটিভ আইডিয়া নির্ধারণ করা হয়: ক) ‘বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানকে লাইব্রেরী সেবা প্রদান’	জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, পরিচালক (ভূতত্ত্ব) এবং জনাব রাজিব কুমার সাহা, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) ইনোভেটিভ আইডিয়া প্রদানকারী টিম লিডার (পাওয়ার পয়েন্ট উপস্থাপনার প্রস্তুতিসহ) মহাপরিচালক মহোদয়ের অবগতি ও চূড়ান্ত অনুমোদনের জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণ করবেন। মহাপরিচালক মহোদয় অনুমোদন প্রদান করলে আইডিয়া প্রদানকারী টিম আইডিয়া বাস্তবায়ন করবেন।
৩.৩	বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অনুচ্ছেদ ১১ (১১.১) মোতাবেক নূন্যতম একটি ডিজিটাল সেবা তৈরী ও বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন টিম কর্তৃক প্রাথমিকভাবে নিম্নোক্ত ইনোভেটিভ আইডিয়া নির্ধারণ করা হয়: ‘অনলাইন ম্যাপ ক্রয়/বিক্রয় সিস্টেম’	জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, পরিচালক (ভূতত্ত্ব) এবং জনাব রাজিব কুমার সাহা, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) ইনোভেটিভ আইডিয়া প্রদানকারী টিম লিডার (পাওয়ার পয়েন্ট উপস্থাপনার প্রস্তুতিসহ) মহাপরিচালক মহোদয়ের অবগতি ও চূড়ান্ত অনুমোদনের জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণ করবেন। মহাপরিচালক মহোদয় অনুমোদন প্রদান করলে আইডিয়া প্রদানকারী বরি।নত আইডিয়া বাস্তবায়ন করবেন।
৩.৪	ইনোভেশন টিমের কোডে বরাদ্দকৃত অর্থ ব্যয় সংক্রান্ত জটিলতা নিরসন	জিএসবি’র উর্ধ্বতন হিসাব রক্ষণ কর্মকর্তা সিএও, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং প্রযোজ্য ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে বিষয়টি সমাধান করবেন।

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।



সাইদুল হোসেন

পরিচালক (ভূতত্ত্ব)

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৬৩.১৯.১২

তারিখ: ২২ ভাদ্র ১৪২৭

০৬ সেপ্টেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (ভূতত্ত্ব), শিলাবিদ্যা ও মনিকবিদ্যা শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

২) পরিচালক (ভূতত্ত্ব), অপারেশন ও সমন্বয় শাখা , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৩) পরিচালক (ভূতত্ত্ব), পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৪) পরিচালক (ভূতত্ত্ব) ও প্রকল্প পরিচালক, GeoUPAC, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৫) পরিচালক (ভূতত্ত্ব) , পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দূর্যোগ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৬) পরিচালক (ভূতত্ত্ব) , অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৭) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১ , ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (সভার কার্যবিবরণী ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)

৮) উপ-পরিচালক (ড্রিলিং)-২, ড্রিলিং প্রকৌশল শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৯) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-২ , স্তরতত্ত্ব ও জীব স্তরতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

১০) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-১ , শিলাবিদ্যা ও মনিকবিদ্যা শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

১১) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-৪ , শিলাবিদ্যা ও মনিকবিদ্যা শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

১২) লাইব্রেরিয়ান-২ , প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

১৩) এ. জেড.এম. সালেহ আহমেদ, ফটোল্যাব সুপারিনটেনডেন্ট, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

১৪) উচ্চমান সহকারী, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

(রাজিব কুমার সাহা)
সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্য সচিব,
ইনোভেশন টিম